গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল

এবং

বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র


লা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

াবনা ........ ৪

কশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

কশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

কশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

যোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

যোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৫

যোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৭

যোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৮

# জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বৈশ্বিক মহামারী কোভিড-১৯ এর প্রভাবে যখন জনজীবন বিপর্যস্ত, তখন জেলা প্রশাসন, বরিশাল সরকারের নীতি, আদর্শ ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা মাঠ পর্যায়ে বাস্তবায়নে নিরলসভাবে কাজ করেছে। এরই অংশ হিসেবে নাগরিকদের অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন নিশ্চিতকল্পে বরিশাল জেলায় মুজিববর্ষে আশ্রয়ণ-২ প্রকল্পের মাধ্যমে ৫৬১৫ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। এছাড়াও ভূমিহীন পরিবারের মাঝে ৮.৩৩৬ একর কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে। বিভিন্ন উন্নয়ন প্রকল্পের জন্য অধিগ্রহণকৃত জমির ক্ষতিপূরণবাবদ ৫৫৭ জন ভূমি মালিকের অনুকূলে মোট ১১০,২৩,৭৮,৬৭৪/- টাকা MICR চেকের মাধ্যমে প্রদান করা হয়েছে। জেলার পর্যটন সম্ভাবনা বিকাশে এবং পর্যটন শিল্পকে আকর্ষনীয় করার লক্ষ্যে দুর্গাসাগর ও সাতলা বিলকে পর্যটক উপযোগী ও আধুনিকায়ন করা হয়েছে। অসহায়, দুস্থ ও অসচ্ছল ১,২৯,৯২১ জন উপকারভোগীর মাঝে টিসিবি ডিলারের মাধ্যমে পন্য সামগ্রী বিতরণ করা হয়। বেকারত্ব নিরসনে ও তথ্য প্রযুক্তির উৎকর্ষতা সাধনে ৪৫০০ জন ফ্রিল্যান্সারকে নিয়ে বরিশাল ফ্রিল্যান্সার ক্লাব গঠন করা হয়েছে। জাটকা নিধন প্রতিরোধে ৬০২টি, বাজার মনিটরিং ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে ৬১১টি ও মাদকদ্রব্য প্রতিরোধে ২৮৫টি অভিযান পরিচালনা করা হয়েছে। তাছাড়া স্বাস্থ্যবিধি প্রতিপালন, বাল্য বিবাহ, ইভটিজিংসহ বিভিন্ন সামাজিক অপরাধ প্রতিরোধে এবং জনস্বার্থে আইনশৃংখলা রক্ষায় অভিযান পরিচালনা করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

নদীমাতৃক বরিশাল জেলায় জমিজমা নিয়ে মামলা-মোকদ্দমা বেশি হতে দেখা যায়। সুনির্দিষ্ট তথ্য প্রাপ্তির অভাবে এসব মামলা-মোকদ্দমা নিয়ে প্রায়শই নাগরিকদের ভোগান্তির শিকার হতে হয়। এছাড়াও সরকারী উন্নয়ন প্রকল্পের ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ প্রাপ্তিতে গতিশীলতা আনয়নের প্রয়োজন রয়েছে। ঘনবসতিপূর্ণ জেলা হওয়ায় জন্ম-মৃত্যু নিবন্ধন যথাসময়ে সম্পন্ন করা অন্যতম চ্যালেঞ্জ। নদী বিধৌত এ জেলায় জাটকা নিধন, মাদকসহ বিভিন্ন সামাজিক অপরাধ প্রকটভাবে দেখা দেয়। বরিশাল জেলায় বিভিন্ন ধর্ম, বর্ণ ও গোষ্ঠীর জনগণের অবস্থান হওয়ায় সকল নাগরিকের সমন্বয়ে সামাজিক সম্প্রীতি বজায় রাখা অতীব গুরুত্বপূর্ণ। বর্তমান সরকার ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অন্যতম স্তম্ভ স্মার্ট সিটিজেন গঠনের জন্য পর্যাপ্ত আইটি প্রশিক্ষণ প্রয়োজন। এছাড়াও বরিশাল জেলায় জনগণের মাঝে সাইবার সিকিউরিটির বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা-সমাবেশ করা আবশ্যক।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

টেকসই উন্নয়ন অভিষ্ট- ২০৩০ অর্জন এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে নাগরিকসেবা সহজীকরণ এবং জনকল্যাণ ও উন্নয়নমুখী জনসেবা প্রদান নিশ্চিতকরণে তথ্যপ্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারকে অগ্রাধিকার দিয়ে জনবান্ধব কার্যক্রম গ্রহন করা।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- নাগরিকদের হয়রানী রোধে এল. এ কেসের ক্ষতিপূরণের পেন্ডিং আবেদন দ্রুততম সময়ে নিষ্পত্তি করা যা নূন্যতম ৬০% পর্যন্ত হবে।
- সামাজিক শৃংখলা রক্ষায় ও অপরাধ প্রতিরোধ কার্যক্রমকে কার্যকরীভাবে সম্পাদনের নিমিত্ত অন্তত ৪২০টি মোবাইল কোর্ট পরিচালনা।
- সামাজিক সম্প্রীতি বজায় রাখার নিমিত্ত অংশীজনদের নিয়ে অন্তত ০৪ টি সম্প্রীতি সভা আয়োজন।
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে কার্যকর করতে ০৪ টি পরিদর্শনের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিবীক্ষণ।
- রাজস্ব আদালতের স্বচ্ছতা নিশ্চিতকরণে মামলার তারিখ ত্রৈমাসিক ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশ।
- কমিউনিটি ক্লিনিক এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ কার্যকর রাখতে ত্রৈমাসিক ভিত্তিতে পরিদর্শন।
- সাইবার অপরাধ প্রতিরোধে অন্তত ২০০ জনকে সচেতন করণ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল

এবং

বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল-এর মধ্যে ২০২৩ সালের ......জুন...... মাসের ......২৫...... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জনবান্ধব, উন্নয়নমুখী, দক্ষ, গতিশীল এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর স্মার্ট বরিশাল।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

উদ্ভাবনী চর্চা, দক্ষতা বৃদ্ধি ও তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে সরকারের জনকল্যাণ ও উন্নয়নমুখী সেবাসমূহ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং সময়াবদ্ধ ও মানসম্মত সেবা জনগণের দোরগোড়ায় (Service at doorstep) পৌঁছে দেওয়া।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. ভূমি ব্যবস্থাপনা
২. উন্নয়ন ও প্রশাসনিক সমন্বয় এবং স্থানীয় সরকার সংক্রান্ত
৩. শিক্ষা, সংস্কৃতি, আইসিটি ও অন্যান্য
৪. আইন-শৃংখলা

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. জেলার বিভিন্ন দপ্তরের সাথে সমন্বয় সাধন করে স্মার্ট বাংলাদেশ বিনির্মানে গৃহীত উদ্যোগসমূহ বাস্তবায়ন এবং সরকার কর্তৃক গৃহীত মেগা প্রকল্পসমূহ এবং অন্যান্য প্রকল্প বাস্তবায়নে সর্বোচ্চ সহযোগিতা করা।
২. জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত সকল সভা যথা সময়ে সঠিকভাবে আয়োজন এবং সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ
৩. স্বচ্ছ ও গতিশীল রাজস্ব প্রশাসন বিনির্মাণে শতভাগ ই-মিউটেশন সম্পন্নকরণ, শতভাগ ভূমি উন্নয়ন কর আদায়সহ অন্যান্য কার্যক্রম
৪. উন্নয়নমুখী ও জনবান্ধব প্রশাসন গঠনে উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ, ই-গভর্নান্স বাস্তবায়ন, সেবা প্রদান সহজীকরণ, প্রতিশ্রুত সেবা প্রদান, তথ্য বাতায়ন হালনাগাদকরণ
৫. কর্মকর্তা ও কর্মচারীদের তথ্যপ্রযুক্তি ও অফিস ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান
৬. জনস্বার্থে, আইনশৃঙ্খলা রক্ষা এবং অপরাধ প্রতিরোধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ যৌন হয়রানী, মাদক সেবন, নারী নির্যাতন, চোরাচালান, বাল্যবিবাহ ইত্যাদি প্রতিরোধে কার্যক্রম গ্রহণ
৭. সামাজিক নিরাপত্তা কর্মসূচি সঠিকভাবে বাস্তবায়ন এবং উপকারভোগীদের নিকট সুষ্ঠভাবে বিতরণ নিশ্চিতকরণ
৮. শিক্ষার মানোন্নয়নে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ অংশীজনদের সমন্বয়ে সেমিনার আয়োজন
৯. দরিদ্র ও মেধাবি শিক্ষার্থীদের সহায়তা ও পৃষ্ঠপোষকতা
১০. দুর্যোগ মোকাবেলায় প্রস্তুতিমূলক এবং দুর্যোগ পরবর্তী ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন
১১. লাইসেন্স ও নিবন্ধনের কার্যক্রম সঠিকভাবে যথা নিয়মে সম্পন্নকরণ
১২. প্রকৃতি ও পরিবেশ রক্ষায় কার্যকর উদ্যোগ গ্রহণ এবং রাস্তার দুইপাশে ও চরাঞ্চলে বনায়ন
১৩. টিসিবির ফ্যামিলি কার্ডের মাধ্যমে দুস্থ, অসহায়, অসচ্ছল জনগনের মাঝে পন্য সামগ্রি বিতরণ

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| স্মার্ট বাংলাদেশ গঠনে ডেমোগ্রাফিক ডিভিডেন্ড এর সুফল গ্রহন | ০১ বছরের মধ্যে জন্মগ্রহণকারী শিশুদের জন্ম নিবন্ধন সম্পন্নকরণ | % | ৭০ | ৮০ | ১০০ | ১০০ | ১০০ | জেলা প্রশাসন, সিটি কর্পোরেশন এবং জনপ্রতিনিধিবৃন্দ | সংশ্লিষ্ট দপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদন এবং জেলা প্রশাসন, বরিশাল কর্তৃক প্রেরিত প্রতিবেদন |
| জনকল্যাণমুখী, স্বচ্ছ ও জবাবদিহিমূলক প্রশাসন বিনির্মান | এল এ কেসের ক্ষতিপূরণের পেন্ডিং আবেদন নিষ্পত্তির হার | % | ৪৫ | ৫০ | ৬০ | ৬৫ | ৭০ | জেলা প্রশাসন | সংশ্লিষ্ট দপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদন এবং জেলা প্রশাসন, বরিশাল কর্তৃক প্রেরিত প্রতিবেদন |
| তথ্য ও প্রযুক্তির সর্বোচ্চ সুফল লাভ | সাইবার ক্রাইম প্রতিরোধে সচেতনকৃত ব্যক্তির সংখ্যা | সংখ্যা | ১৪০ | ১৬০ | ২০০ | ২২০ | ২৫০ | জেলা প্রশাসন এবং জেলা আইসিটি অধিদপ্তর | সংশ্লিষ্ট দপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদন এবং জেলা প্রশাসন, বরিশাল কর্তৃক প্রেরিত প্রতিবেদন |
| মাদকমুক্ত সমাজ গঠন | মাদকমুক্ত সমাজ গঠনে মোবাইল কোর্ট পরিচালনা | সংখ্যা | ৭০ | ৮০ | ১০০ | ১২০ | ১৪০ | জেলা প্রশাসন | সংশ্লিষ্ট দপ্তর হতে প্রাপ্ত প্রতিবেদন এবং জেলা প্রশাসন, বরিশাল কর্তৃক প্রেরিত প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] ভূমি ব্যবস্থাপনা | ২৬ | [১.১] ভূমি অফিস পরিদর্শন | [১.১.১] পরিদর্শন সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৮ | ১০ | ১২ | ১০ | ৯ | ৮ | ৭ | ১২ | ১২ |
| | | [১.২] ভূমি অফিস পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | [১.২.১] পরিদর্শন সুপারিশ বাস্তবায়নের হার | গড় | % | ৩ | ৮০ | ৮৫ | ৯০ | ৮৫ | ৮০ | ৮২ | ০ | ৯২ | ৯৫ |
| | | [১.৩] অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আদালতের স্বচ্ছতা আনয়নে মামলার তারিখ ওয়েবসাইটে প্রকাশ | [১.৩.১] ওয়েবসাইটে প্রকাশের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৫ | ৬ |
| | | [১.৪] ই-মিউটেশনের মাধ্যমে নিষ্পত্তিকৃত নামজারি ও জমাখারিজের আবেদন | [১.৪.১] নিষ্পত্তির হার | গড় | % | ২ | ৮৫ | ৮৬ | ৯৫ | ৯৩ | ৯১ | ৮৯ | ৮৮ | ৯৬ | ৯৭ |
| | | [১.৫] ই-মিউটেশনের অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভা | [১.৫.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৬] রাজস্ব প্রশাসনের কর্মকর্তা/কর্মচারী প্রশিক্ষণপ্রাপ্ত | [১.৬.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ১৪ | ২০ | ২৫ | ২২ | ২০ | ১৭ | ১৫ | ২৫ | ২৫ |
| | | [১.৭] জেলা মাসিক রাজস্ব সভা আয়োজন | [১.৭.১] জেলা মাসিক রাজস্ব সভা সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | ১০ | ০৯ | ০৮ | ০৭ | ১২ | ১২ |
| | | [১.৮] বালু মহাল ইজারাকৃত | [১.৮.১] বালু মহাল ইজারাকৃত হার | গড় | % | ২ | ৬ | ৫ | ৬ | ৫ | ৪ | | | ৬ | ৬ |
| | | [১.৯] আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সাধারণ) | [১.৯.১] মোট আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সাধারণ) | সমষ্টি | সংখ্যা | ২ | ৬.৭ | ৭.০ | ৭.৫ | ৭.০ | ৬.৫ | ৬.০ | ৫.৬ | ৮.০ | ৮.৫ |
| | | [১.১০] আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সংস্থা) | [১.১০.১] মোট আদায়কৃত ভূমি উন্নয়ন কর (সংস্থা) | সমষ্টি | সংখ্যা | ২ | ৬.৩ | ৪.২ | ৩.০ | ২.৭ | ২.৪ | ২.১ | ১.৮ | ৩.০ | ৩.০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| | | [১.১১] আদায়কৃত কর বহির্ভূত রাজস্ব | [১.১১.১] মোট আদায়কৃত কর বহির্ভূত রাজস্ব | সমষ্টি | সংখ্যা | ২ | ৫.০ | ৫.০ | ৫.৫ | ৫.০ | ৪.৫ | ৪.০ | ৩.৫ | ৫.৫ | ৫.৫ |
| | | [১.১২] অর্পিত সম্পত্তির লীজ নবায়ন থেকে আয় (মহানগর) | [১.১২.১] মোট অর্পিত সম্পত্তির লীজ নবায়ন থেকে আয় | সমষ্টি | সংখ্যা | ২ | ২.০ | ২.০ | ২.০ | ১.৮ | ১.৬ | ১.৪ | ১.২ | ২.৫ | ২.৫ |
| [২] উন্নয়ন ও প্রশাসনিক সমন্বয় এবং স্থানীয় সরকার সংক্রান্ত | ১৬ | [২.১] কমিউনিটি ক্লিনিক এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ কার্যকর রাখতে পরিদর্শন | [২.১.১] পরিদর্শনের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | ৮ | ৫ | ৬ |
| | | [২.২] ব্যবসা বাণিজ্য শাখায় আবেদনের প্রেক্ষিতে ডিলিং লাইসেন্স প্রদানের হার | [২.২.১] ডিলিং লাইসেন্স প্রাপ্তির আবেদন নিষ্পত্তির হার | গড় | % | ২ | ৫০ | ৭০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৭ | ৮৫ | ৯০ |
| | | [২.৩] জন্ম নিবন্ধন কার্যক্রম তদারকি সংক্রান্ত সভা | [২.৩.১] আয়োজিত সভার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৮ | ১০ | ১২ | ১০ | ৯ | ৮ | ৭ | ১৫ | ১৮ |
| | | [২.৪] জন্ম নিবন্ধন সম্পন্নকরণ | [২.৪.১] জেলায় জন্মের ০১ বছরের মধ্যে জন্ম নিবন্ধনের হার | গড় | % | ৩ | ৭০ | ৮০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.৫] মৃত্যু নিবন্ধন সম্পন্নকরণ | [২.৫.১] জেলায় মৃত্যুর ০১ বছরের মধ্যে মৃত্যু নিবন্ধনের হার | গড় | % | ২ | ৩০ | ৪০ | ৫০ | ৪০ | ৩৫ | ৩০ | ৬০ | ৬০ | ৭০ |
| | | [২.৬] উন্নয়ন সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [২.৬.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার | গড় | % | ২ | ৭০ | ৮০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৪০ | ৯৫ | ১০০ |
| | | [২.৭] গণশুনানী আয়োজন | [২.৭.১] গণশুনানী দিবসের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ৪০ | ৪৮ | ৫২ | ৪৮ | ৪৫ | ৪০ | ৩৫ | ৬০ | ৭০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৩] শিক্ষা, সংস্কৃতি, আইসিটি ও অন্যান্য | ১৬ | [৩.১] শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য প্রযুক্তি ব্যবহার করে উন্নত পাঠদান নিশ্চিতে শিক্ষার্থীদের সাথে মতবিনিময় | [৩.১.১] শিক্ষার্থীদের সাথে মতবিনিময় সভার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৫ | ৬ |
| | | [৩.২] সামাজিক সম্প্রীতি রক্ষার্থে অংশীজনদের নিয়ে মত বিনিময় সভা | [৩.২.১] মতবিনিময় সভার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৫ | ৭ |
| | | [৩.৩] কর্মকর্তা-কর্মচারীকে আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৩.৩.১] প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ৫০ | ৫৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৮ | ৪০ | ৭০ | ৮০ |
| | | [৩.৪] স্কুল-কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে সৃজনশীল প্রতিযোগিতার আয়োজন (গান, নাচ, কবিতা) | [৩.৪.১] আয়োজিত প্রতিযোগিতার সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ২ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৫ | ৭ |
| | | [৩.৫] বিজ্ঞান ও তথ্য প্রযুক্তির প্রসারে অনুষ্ঠান(মেলা/শোকেসিং) আয়োজন | [৩.৫.১] অনুষ্ঠান(মেলা/শোকেসিং) আয়োজন সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১ | ১ | ২ | ১ | ০ | ০ | ০ | ৩ | ৪ |
| | | [৩.৬] সাইবার ক্রাইম প্রতিরোধে সচেতন করণ | [৩.৬.১] সচেতনকৃত ব্যক্তির সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ২ | ১৪০ | ১৬০ | ২০০ | ১৮০ | ১৭০ | ১৫০ | ১২০ | ২২০ | ২৫০ |
| | | [৩.৭] শিক্ষা প্রতিষ্ঠানে উন্নত পাঠদান নিশ্চিতকরণে পরিদর্শন | [৩.৭.১] পরিদর্শন প্রতিবেদন বাস্তবায়নের হার | গড় | % | ২ | ৭০ | ৮০ | ৯০ | ৮০ | ৭০ | ৬৫ | ৬০ | ৯৫ | ৯৭ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৪] আইন-শৃংখলা | ১২ | [৪.১] মাদকমুক্ত সমাজ গঠনে অভিযান পরিচালনা | [৪.১.১] মোবাইল কোর্ট পরিচালনা সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৭০ | ৮০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬৫ | ১২০ | ১৪০ |
| | | [৪.২] খাদ্যে ভেজাল, নকল পণ্য রোধ এবং ভোক্তা অধিকার সংরক্ষণে অভিযান | [৪.২.১] মোবাইল কোর্ট পরিচালনা সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০০ | ১২০ | ১৪০ | ১৩০ | ১২০ | ১০০ | ৯০ | ১৬০ | ১৮০ |
| | | [৪.৩] নির্বাহী আদালতের মানোন্নয়নে প্রশিক্ষণ আয়োজন | [৪.৩.১] আয়োজিত প্রশিক্ষণ সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১ | ১ | ২ | ১ | ০ | ০ | ০ | ৩ | ৪ |
| | | [৪.৪] মৎস রক্ষা অভিযান পরিচালনা | [৪.৪.১] পরিচালিত অভিযানের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৪০ | ১৭০ | ১৮০ | ১৭০ | ১৫০ | ১৪৫ | ১২০ | ২০০ | ২২০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল, বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল হিসাবে জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| জেলা প্রশাসক<br>জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল | ২৫/৬/২০২৩<br>তারিখ |
| বিভাগীয় কমিশনার<br>বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল | 25.06.2023<br>তারিখ |